

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৮(আগরতলা, ১৯।০২)
খোয়াই, ১৯ ফেব্রুয়ারি, ২০১৯

খোয়াই-এর জওহর নবোদয় বিদ্যালয়ে রক্তদান শিবির

১৭ ফেব্রুয়ারি খোয়াই'র জওহর নবোদয় বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীদের উদ্যোগে সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জওহর নবোদয় বিদ্যালয়ের প্রিন্সিপাল অরবিন্দ তুলজগণ, খোয়াই জেলা হাসপাতালের চিকিৎসক ডাঃ অরিন্দম দেববর্মা সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ। শিবিরে বিদ্যালয়ের ২০ জন প্রাক্তন ছাত্রছাত্রী সহ অন্যান্যরা স্বেচ্ছায় রক্তদান করেন। খোয়াই জেলা হাসপাতালের সুপার ডাঃ ধনঞ্জয় রিয়াং এই তথ্য জানিয়েছেন।
